

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৪.০৫.২৪৫.১২-৩১৪

তারিখ : ৩১/১০/২০১৭ খ্রিঃ

### অফিস আদেশ

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৬২ (২) অনুসারে “এই আইন ও বিধিতে ভিন্নরূপ বিধান না থাকিলে প্রধান নির্বাহী কর্মকর্তা কর্পোরেশনের সকল সিদ্ধান্ত বাস্তবায়ন এবং প্রশাসন পরিচালনার জন্য দায়ী থাকিবেন”। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত আইন ও কর্তৃপক্ষের যথাযথ নির্দেশের ব্যত্যয় ঘটিয়ে যথাযথ অফিস আদেশ ব্যতীত বিভাগীয় প্রধান/জোনাল পর্যায়ে সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়াস চলছে। বদলীকৃত কর্মকর্তাগণ বিভাগীয় প্রধান/শাখা প্রধানদের বরাবর যোগদান করছেন, যা দাপ্তরিক শৃঙ্খলার সাথে সংগতিপূর্ণ নয়।

০২. এখন থেকে পরবর্তী অন্য কোন আদেশ না দেয়া পর্যন্ত জোনের সংশ্লিষ্ট সকলকে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার বরাবরে যোগদানের জন্য বলা হলো। এছাড়া জোন সংশ্লিষ্ট সকল কার্যাবলী আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ সমন্বয় করবেন এবং জোনের সকল কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় সহায়তা প্রদানসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন।

০৩. এমতাবস্থায়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল পর্যায়ে আইন/বিধি-বিধান অনুসরণ করে কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

৩১/১০/২০১৭খ্রিঃ

(দুলাল কৃষ্ণ সাহা)

সচিব (যুগ্ম-সচিব)

ফোন : ৮৮৩৪৯৩০

ফ্যাক্স : ৮৮৩৪৯৮৩

তারিখ : ৩১/১০/২০১৭ খ্রিঃ

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৪.০৫.২৪৫.১২-৩১৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১। বিভাগীয় প্রধান সকল -----, ডিএনসিসি।

০২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা সকল -----, ডিএনসিসি।

০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ) ডিএনসিসি।

০৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য) ডিএসিসি।

০৬। সহকারী সচিব, সকল -----, ডিএনসিসি।

০৭। সচিবের ব্যক্তিগত সহকারী, ডিএনসিসি।

০৮। অফিস কপি।

ইম্যান আলী  
৩১/১০/১৭  
(মোঃ ইম্যান আলী)

সহকারী সচিব

সংস্থাপন শাখা-১

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন